এবার এক এমপি করোনায় আক্রান্ত

করোনাভাইরাসে আক্রান্তের তালিকায় এবার জনপ্রতিনিধি যুক্ত হলেন। দেশের উত্তরবঙ্গের একজন সংসদ সদস্যের করোনা পজটিভ এসেছে। তিনি গত মঙ্গলবার (২৮ এপ্রিল) নিজ নির্বাচনী এলাকা থেকে ঢাকায় আসেন। এরপর ন্যাম ভবনের বাসায় ওঠেন। ৪ নং ন্যাম ভবনে থাকা ওই সংসদ সদস্য দশম সংসদের গুরুত্বপূর্ণ পদে ছিলেন।

এলাকা থেকে আসার পর শরীরে জ্বর দেখা দিলে আইইডিসিআর থেকে তার নমুনা সংগ্রহ করা হয়। শুক্রবার (০১ মে) বিকেল ৫টায় আইইডিসিআর থেকে রিপোর্ট পাঠানো হয়। তাকে জানানো হয়েছে তার শরীরে করোনাভাইরাসের উপস্থিতি রয়েছে।

এই প্রথম বাংলাদেশের কোনো সংসদ সদস্য করোনায় আক্রান্ত হলেন। গণমাধ্যমের সঙ্গে ওই সংসদ সদস্যের কথা হয়েছে। তার সামাজিক মর্যাদার কারণে নাম প্রকাশ করা যাচ্ছে না।

তিনি গণমাধ্যমকে বলেন, এলাকার মানুষ জানতে পারলে আতঙ্কে থাকবে। আমার জন্য দোয়া করবেন।

এ দিকে সংসদ সচিবালয় থেকে ন্যাম ভবনের ওই ভবন লকডাউন করার চিন্তা ভাবনা করা হচ্ছে। সংসদ সচিবালয়ের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে গণমাধ্যমকে বলেন, আজ শুক্রবার স্যারের করোনা পজেটিভ এসেছে। ভবনটি লকডাউন করা হতে পারে।

এ বিষয়ে সংসদের চিফ মেডিকেল অফিসার ডা. আরিফুল হক গণমাধ্যমকে বলেন, বিষয়টি আমার জানা নেই।

সূত্র: এমপি নিউজ.কম

মুজিবনগরে সৌদি প্রবাসীর

মৃত্যু, এলাকায় করোনা আতঙ্ক

মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে সৌদি প্রবাসী মশিউর রহমান নামের এক ব্যাক্তির মৃত্যু হয়েছে।

মৃত্যুর পূর্বে মশিউর রহমানের জ্বর -সর্দিকাশি ছিল বলে জানা যায়।

করোনা উপসর্গ থাকায় পারিবারিক সদস্যদের মাধ্যমে জানাযা পড়িয়ে লাশটি তড়িঘড়ি করে দাফন করে তার পরিবার।

এদিকে মশিউরের মৃত্যুতে এলাকায় করোনা আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

জানা গেছে মেহেরপুর মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের মশিউর রহমান ময়েজ সম্প্রতি সৌদি আরব থেকে দেশে ফিরে আসে।

বুধবার রাতে মেহেরপুর শহরের কোর্ট এলাকায় তার বাড়িতে সর্দি-জ্বর-কাশি নিয়ে হঠাৎ করে মৃত্যু বরণ করেন।

মৃত্যুর ঘটনা জানাজানি হলে সেখানে কাউকে প্রবেশ করতে দেয়া হয়নি। মেহেরপুর থেকে তার লাশ দ্রুত দারিয়াপুরে নেওয়া হয়।

দারিয়াপুর একাধিক সূত্র জানিয়েছে লাশ দারিয়াপুর নেওয়ার পরে জানানো ছাড়ায় তার দুই ভাইসহ ৫-৬ জন ব্যক্তি দ্রুত দাফন কাজ সম্পন্ন করে।

জ্বর,সর্দি কাশি নিয়ে মৃত্যুবরণ করার খবর ছড়িয়ে পড়লে দারিয়াপুর গ্রামে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

এদিকে এ ব্যাপারে মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসিরুদ্দিনের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, প্রবাসী ব্যক্তির যদিও হোমকোরেন্টিনের মেয়াদ শেষ হয়েছে তারপরও বিষয়টি দেখব বলে তিনি জানান।

মেপ্র/এমএফআর

দেশে ২৪ ঘন্টায় ১৪জনসহ মোট সুস্থ ১৭৪

করোনাভাইরাসের মহামারীতে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় ১৪ জন সুস্থ হয়েছে। এ নিয়ে মোট সুস্থের সংখ্যা দাঁড়াল ১৭৪ জনে।

আজ শুক্রবার (১ মে) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা ব্রিফিংয়ে যুক্ত হয়ে এসব তথ্য জানান।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। প্রথম দিকে সুস্থতার হার কম থাকলে ক্রমান্বয়ে সুস্থের সংখ্যা বাড়ছে।

দেশে ২৪ ঘন্টায় ২জন সহ মোট মৃত্যু ১৭০

করোনাভাইরাসের মহামারীতে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় ২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১৭০ জনে। মৃতদের একজন পুরুষ এবং অপরজন নারী। একজন ঢাকার এবং আরেকজন ঢাকার বাইরের।

আজ শুক্রবার (১ মে) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা ব্রিফিংয়ে যুক্ত হয়ে এসব তথ্য জানান।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। পরে ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

দেশে ২৪ ঘন্টায় নতুন ৫৭১ জন সহ মোট আক্রান্ত ৮২৩৮

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৫৭১ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল ৮,২৩৮।

আজ শুক্রবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। অনলাইনে বুলেটিন উপস্থাপন করেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

অনলাইন বুলেটিনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৫,৫৭৩ জনের নমুনা পরীক্ষা করা হয়।

করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সকলকে স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলার জন্য অনলাইন বুলেটিনে আহবান জানানো হয়।

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি এড়াতে সবাইকে ঘরে থাকা, রমজানে স্বাস্থ্যবিধি মেনে চলা, বেশি বেশি পানি ও তরল জাতীয় খাবার, ভিটামিন সি ও ডি সমৃদ্ধ খাবার খাওয়া, টাটকা ফলমূল ও সবজি খাওয়াসহ শরীরকে ফিট রাখতে নিয়মিত হালকা ব্যায়াম এবং স্বাস্থ্য অধিদপ্তর ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ-নির্দেশনা মেনে চলার অনুরোধ জানানো হয়।

গতকাল বৃহস্পতিবার পর্যন্ত বাংলাদেশে নতুন করে করোনাভাইরাস শনাক্ত হয়েছিলেন ৫৬৪ জন। মোট শনাক্ত হয়েছিলেন ৭,৬৬৭ জন। এ ছাড়া গতকাল পর্যন্ত আরও ৫ জন মারা যান। এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছিল ১৬৮। আর একই সময়ে সুস্থ হয়ে বাড়ি গেছেন ১০ জন। মোট সুস্থ হয়ে বাড়ি গেছেন ১৬০ জন।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। আর ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।

মেহেরপুরের রাধাকান্তপুরে ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের রাধাকান্তপুরে পরিত্যক্ত অবস্থায় ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

বুধবার বিকালে সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের পিরিনির মাঠে কলা ক্ষেত থেকে এই ফেন্সিডিল উদ্ধার করা হয়।

জানা যায় স্থানীয় এক কৃষক মাঠে কাজ করার সময় বস্তাভর্তি ফেন্সিডিল পড়ে থাকতে দেখে। পরে মেহেরপুর সদর থানায় জানানো হলে এস আই ইকবাল সঙ্গীয় ফোর্স নিয়ে ফেন্সিডিল গুলো উদ্ধার করে থানায় নিয়ে আসে।

তবে স্থানীয়রা জানান রাধাকান্তপুর গ্রামের কিছু উঠতি বয়সের ছেলেরা মাদক ব্যবসার সাথে জড়িয়ে পড়েছে। পরিত্যক্ত ফেন্সিডিল তাদেরই হতে পারে বলে ধারনা করা হচ্ছে।

মেপ্র/এমএফআর

দেশে করোনায় আরও ৭ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৪৯৭

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৫২ জনে।

২৪ ঘন্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয়েছে ৩৮১২জনের, একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৪৯৭ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ৫ হাজার ৯১৩ জন। সোমবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ

ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

সেপ্টেম্বর পর্যন্ত দেশের সব স্কুল-কলেজ বন্ধ: প্রধানমন্ত্রী

করোনা মহামারী পরিস্থিতি অব্যাহত থাকলে সেপ্টেম্বর পর্যন্ত দেশের সব স্কুল-কলেজ বন্ধ থাকবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সোমবার সকালে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবন থেকে রাজশাহী বিভাগের জেলাগুলোর প্রতিনিধিদের সঙ্গে ভিডিও কনফারেন্সে মতবিনিময়কালে তিনি এ কথা জানান।

প্রধানমন্ত্রী বলেন, এখনই স্কুল-কলেজ খুলে দেয়া হবে না। সেপ্টেম্বর পর্যন্ত স্কুল-কলেজ বন্ধ থাকবে। যখন করোনা সংক্রমণ থামবে, তখন খুলব।

তিনি বলেন, আলেমরা মসজিদে সীমিত আকারে জামাত করার সিদ্ধান্ত নিয়েছেন। সবাই বাসায় বসে ইবাদত করুন। এই মহামারী যাতে কেটে যায় দোয়া করুন।

শেখ হাসিনা আরও বলেন, আমরা এই দুঃসময় কাটিয়ে উঠব। আবার কলকারখানা খুলবে। আমাদের অর্থনীতি আবার সচল হবে। দুর্যোগ আসবে সেটি আবার চলে যাবে। আবার আলো আসবে। আজ বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী এবং সিরাজগঞ্জ জেলার প্রতিনিধিদের সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী।

ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী উল্লিখিত জেলার প্রশাসক, পুলিশ বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা, সিভিল সার্জন, নার্স, রাজনীতিক, সেনাসদস্য, মসজিদের ইমাম, শিক্ষকসহ বিভিন্ন পেশাজীবীর সঙ্গে করোনা পরিস্থিতি ও ত্রাণ বিতরণ নিয়ে মতবিনিময় করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে।

এর আগে প্রধানমন্ত্রী করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে চার দফা পৃথক ভিডিও কনফারেন্সে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ বিভাগের ৪৮ জেলার সঙ্গে মতবিনিময় করেন। সূত্র-যুগান্তর

করোনা: মৃত্যুর মিছিলে আরও ৫ জন, নতুন আক্রান্ত ৪১৮

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৪৫ জনে।

গত ২৪ ঘণ্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয় ৩৪৭৬ জনের। একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৪১৮ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ৫ হাজার ৪১৬ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন করে ৯ জনসহ মোট সুস্থ হয়েছেন ১২২ জন।

রোববার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৩ হাজার ৬৮০ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। পরীক্ষা করা হয়েছে ৩ হাজার ৪৭৬ টি নমুনা। এর মধ্যে করোনা শনাক্ত হয়েছেন ৪১৮ জন।

ডা. নাসিমা বলেন, একই সময়ে আক্রান্তদের মধ্যে মারা গেছেন ৫ জন। এর মধ্যে চারজনই ঢাকার বাসিন্দা। এছাড়া সুস্থ হয়েছেন আরও ৯ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের উহান শহরে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে ‘কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

মুজিবনগর সরকারের অর্থ সচিব আসাদুজ্জামানের ইন্তেকাল

মুজিবনগর সরকারের অর্থ সচিব বীর মুক্তিযোদ্ধা খন্দকার আসাদুজ্জামান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।)

আজ (শনিবার) তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর ছয় মাস।

এদিকে আসাদুজ্জামান এর মৃত্যুতে শোক জানিয়েছেন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সড়ক ও যোগাযোগ মন্ত্রী ওবাইদুল কাদের এমপি।

খন্দকার আসাদুজ্জামান ১৯৩৫ সালের ২২ অক্টোবর টাঙ্গাইলে জন্মগ্রহণ করেন।

জীবদ্দশায় তিনি মুক্তিযোদ্ধা ও মুজিবনগর সরকারের অর্থ সচিব ছিলেন। ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক উপদেষ্টা ও বঙ্গবন্ধু শিশু কিশোর পরিষদের সাবেক সভাপতি।

তিনি টাঙ্গাইল-২ আসন থেকে ১৯৯৬ সালের জুন মাসের সপ্তম জাতীয় সংসদ নির্বাচন এবং ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচন এবং ২০১৪ সালে দশম জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন।

মেপ্র/এমএফআর